# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/কামিল (স্নাতকোত্তর) প্র. পা./২০২৩/ ১৪৪৩১

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে শোয়াইব নগর কামিল মাদ্রাসা (SHOWIB NAGAR KAMIL MADRASAH, EIIN: 116608), কালিগঞ্জ, ঝিনাইদহ -এর অধ্যক্ষ কর্তৃক ২৯.০৫.২০২২ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির ধারা ১৩ (গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ধারা ১৩ (ঙ) মোতাবেক ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনের তারিখ ১২.০৩.২০২৫ খ্রিষ্টাব্দ থেকে ১১.০৩.২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত নিম্নোক্ত শর্তে ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল -

শর্তসমূহঃ

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে।
২. প্রতি মাসের আয়-ব্যায় ঐ মাসেই কলমনার ক্যাশ বইতে সংরক্ষণ করতে হবে।
৩. মাদরাসার জেনারেল ফান্ড থেকে টাকা উত্তোলন করে উন্নয়ন কাজ করার ক্ষেত্রে উক্ত কাজের বিবরণ ও প্রাথমিক বাজেট গভর্নিং বডিতে উপস্থাপন ও অনুমোদন নিতে হবে।
৪. দাখিল ও আলিম পর্যায়ে একাডেমিক স্বীকৃতির সনদ পুড়ে যাওয়ায় প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে। মাদরাসা বোর্ড থেকে এর নকল তুলে একাডেমিক স্বীকৃতির সনদ বিশ্ববিদ্যালয়ে সরবরাহ করতে হবে।
৫. শিক্ষার্থীদের বাংলার পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. মাদরাসার মূলফটকে আরবি ভাষায় মাদরাসার নাম ও "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।
৭. দ্রুততম সময়ের মধ্যে মাদরাসার সাইনবোর্ড ও প্যাড এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কথাটি লিখতে হবে।
৮. কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগের পাঠদানের জন্য এমপিওভুক্তি পর্যন্ত মাদরাসার নিজস্ব খরচে ০২ (দুই) জন শিক্ষক নিয়োগ করতে হবে।
৯. সকল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা ও উপস্থিতি বৃদ্ধি করতে হবে।
১০. যাবতীয় আয়-ব্যয়, ক্রয়, সংগ্রহ সরকারি বিধি অনুযায়ী পরিচালনা করতে হবে এবং বিধি মোতাবেক বার্ষিক বাজেট নির্ধারণ করে ফাইল নোটের মাধ্যমে আর্থিক বিষয়াদির অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১১. শিক্ষার্থীদের মধ্যে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে।
১২. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৩/০৩/২৫

(মোঃ আইউব হোসেন)
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
শায়াইব নগর কামিল মাদ্রাসা
কালিগঞ্জ, ঝিনাইদহ।

স্মারক নং- ইআবি/পরি/কামিল (স্নাতকোত্তর) প্র. পা./২০২৩/ ১৪৪৩১

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, শায়াইব নগর কামিল মাদ্রাসা।
৮। অফিস নথি।

13/03/25

(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৮৮১-১১৪৪৩৪